

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, বালকাঠি  
(সংস্থাপন শাখা)  
[www.dcjhalakati.gov.bd](http://www.dcjhalakati.gov.bd)

নম্বর- ০৫.১০.৮২০০.০০৬.০৯.০০৮.১৮. ১৭০

২৫ ফালুন ১৪২৫  
তারিখ :————  
২৮ মার্চ ২০১৯

“নিয়োগ বিজ্ঞপ্তি”

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭ জানুয়ারি ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৩.১৬-১৮ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে  
জেলা প্রশাসক, বালকাঠি ও এর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত জনবল নিয়োগের লক্ষ্যে  
বালকাঠি জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	বেতন ক্ষেত্র	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	স্টেলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর	০২ (দুই)টি	বেতন হেড : ১৩ ক্ষেত্র : ১১০০০- ২৬৫৯০/-	(ক) অনুমোদিত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing এবং শর্টহ্যান্ড এর গতি নিম্নরূপ : [শর্টহ্যান্ড প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা- ৫০, ইংরেজি- ৮০ শব্দ এবং প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা টাইপ ২৫ ও ইংরেজি টাইপ ৩০ শব্দ]
২.	স্টেমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	০৮ (চার)টি	বেতন হেড : ১৪ ক্ষেত্র : ১০২০০- ২৪৬৮০/-	(ক) অনুমোদিত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing এবং শর্টহ্যান্ড এর গতি নিম্নরূপ : [শর্টহ্যান্ড প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা- ৪৫, ইংরেজি- ৭০ শব্দ এবং প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা টাইপ ২৫ ও ইংরেজি টাইপ ৩০ শব্দ]
৩.	লাইব্রেরি সহকারী	০১ (এক)টি	বেতন হেড : ১৬ ক্ষেত্র : ৯৩০০- ২২৪৯০/-	অনুমোদিত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তবলী :

- ০১। আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯-১২-২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে  
জারীকৃত পরিপন্থ অনুযায়ী নির্ধারিত চাকরির আবেদন ফরম স্পষ্টাক্ষরে স্ব-হস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম  
জনপ্রশাসন মন্ত্রণালয়ের [www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd) ওয়েবের সাইট অথবা জেলা প্রশাসকের কার্যালয়, বালকাঠি হতে সংগ্রহ করা যাবে।
- ০২। আবেদনপত্র আগামী ০৭-০৪-২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, বালকাঠি বরাবর সরকারি  
ডাকমোগে পৌছতে হবে। অসম্পূর্ণ, অক্টিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০৩। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি আবেদনের নির্ধারিত স্থানে লাগাতে হবে এবং ছবির পিছনে প্রার্থীর নাম  
লিখতে হবে।
- ০৪। পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করে চালানের মূল কপি আবেদন  
পত্রের সাথে দাখিল করতে হবে (কোড নম্বর-১-০৭৪২-০০০০-২০৩১)।
- ০৫। প্রার্থীর বয়স ০৭-০৪-২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও  
শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট প্রযুক্তি প্রযোগ্য হবে না।
- ০৬। খামের উপর প্রার্থীকে পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- ০৭। প্রার্থী কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত্বশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন  
করতে হবে।
- ০৮। প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ১০/- টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিটযুক্ত ৯.৫ X ৪.৫ ইঞ্চি বিশিষ্ট একটি ফেরত খাম  
আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

- ০৯। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার পূর্বে আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের অনুকূলে মূল সনদসমূহ সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচনী বোর্ড, বরিশাল বরাবর দাখিল করতে হবে।
- ১০। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি এবং সরকার নির্ধারিত কোটা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১১। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোন প্রকার টি/ডি/এ প্রদান করা হবে না।
- ১২। কোন তথ্য গোপন করলে কিংবা তথ্যের স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপ্ত দাখিলে ব্যর্থ হলে কিংবা কোন তদবিরের আশ্রয় নিলে সেগুলো প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ১৩। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে নিয়োগ সংক্রান্ত যে কোন শর্ত সংযোজন/বিয়োজন/পরিবর্তন এবং পদ সংখ্যাহাস/বৃদ্ধি করতে পারবেন।
- ১৪। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিকল্প তথ্য পাওয়া গেলে তা প্রার্থীর নিয়োগের ক্ষেত্রে অযোগ্যতা হিসেবে বিবেচিত হবেন।
- ১৫। আবেদন ফরমের ১৭ নম্বর কলামে স্টালিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এবং স্টাম্পুদাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদের প্রার্থীরা শর্টহ্যান্ড ও কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত তথ্য উল্লেখ করতে হবে (যে পদের ক্ষেত্রে যা প্রযোজ্য)।
- ১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিতের, সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

মো. হামিদুল হক  
জেলা প্রশাসক  
ঝালকাঠি  
ফোন : ০৪৯৮-৬৩৩০০  
[dcjhhalokati@mopa.gov.bd](mailto:dcjhhalokati@mopa.gov.bd)

২১ ফালুন ১৪২৫  
তারিখ : \_\_\_\_\_  
২২ মার্চ ২০১৯

নম্বর- ০৫.১০.৮২০০.০০৬.০৯.০০৮.১৮. ২ ১ ০

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :

- ০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৩। জেলা প্রশাসক, ..... (সকল)।
- ০৪। .....,(জেলা পর্যায়ের সকল কর্মকর্তা)। বিজ্ঞপ্তি তাঁর অফিস নোটিশ বোর্ডে প্রকাশের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর/নলছিটি/রাজাপুর/কাঠালিয়া। বিজ্ঞপ্তি তাঁর অফিস নোটিশ বোর্ডে প্রকাশের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
- ০৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঝালকাঠি।
- ০৭। জেলা তথ্য অফিসার, ঝালকাঠি। তাঁকে বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তি জেলার প্রতি উপজেলায় বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নলছিটি/রাজাপুর/কাঠালিয়া, ঝালকাঠি।
- ০৯। সম্পাদক,.....। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তি আগামী ..... খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বাভাবিক ছোট অক্ষরে সিঙ্গেল স্পেসে ৩ কলামে একবার প্রকাশ করত: প্রকাশিত পত্রিকার ০৩ কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক  
ঝালকাঠি